

# বাংলাদেশ কৃষি ব্যাংক



প্রধান কার্যালয়

৮৩-৮৫, মতিবিল বা/এ, ঢাকা।

ক্রেডিট বিভাগ

ফোনঃ ০২২২৩৩-৮৮৯৪৯,

০২২২৩৩-৫৮৬৮১

ই-মেইল: [dgmsme@krishibank.org.bd](mailto:dgmsme@krishibank.org.bd);

তারিখঃ ২৭/০৭/২০২২

নং-বিকেবি-প্রকা/ক্রেডিট(শাখা-৪)-এসএমই-৭(৮)/২০২২-২৩ / ২৮৩ (১২৫০)

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।

উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।

সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।

সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)

বাংলাদেশ কৃষি ব্যাংক।

**বিষয় :** নভেল করোনা ভাইরাস (COVID-19) এর প্রাদুর্ভাবের কারণে ক্ষতিহস্ত সিএমএসএমই (CMSME) খাতের জন্য ঘোষিত বিশ হাজার কোটি টাকার আবর্তনশীল প্রগোদনা প্যাকেজের তৃতীয় পর্যায়ের (জুলাই, ২০২২ হতে জুন, ২০২৩ পর্যন্ত) লক্ষ্যমাত্রা নির্ধারণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

নভেল করোনা ভাইরাস (COVID-19) এর প্রাদুর্ভাবের কারণে বাংলাদেশে সম্ভাব্য অর্থনৈতিক প্রভাব মোকাবেলায় কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি শিল্প উদ্যোগাদের (CMSME) স্বল্প সুদে চলতি মূলধন ঋণ/বিনিয়োগ সুবিধা প্রবর্তনের জন্য বিগত এপ্রিল ০৫, ২০২০ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী ২০(বিশ) হাজার কোটি টাকার আবর্তনশীল সিএমএসএমই ঋণ প্রগোদনা প্যাকেজ ঘোষণা করেন। উল্লেখিত প্রগোদনা প্যাকেজ সংক্রান্ত সংশোধিত নীতিমালা বাংলাদেশ ব্যাংকের এসএমইএসপিডি সার্কুলার নং-০৯/২০২১, তারিখঃ ০৯/০৯/২০২১ মূলে জারীকৃত, যা অত্র বিভাগের পত্র সূত্র নং-৪৪৮(১২৫০), তারিখঃ ১৩/০৯/২০২১ এর মাধ্যমে জারী করা হয়েছে।

০২। আবর্তনশীল এ প্যাকেজের আওতায় দ্বিতীয় পর্যায়ের (২০২১-২০২২ অর্থবছর) লক্ষ্যমাত্রা বাস্তবায়নের সময়সীমা ৩০ জুন, ২০২২ তারিখে শেষ হয়েছে। আলোচ্য প্যাকেজের আওতায় তৃতীয় পর্যায়ের (০১ জুলাই, ২০২২ হতে ৩০ জুন, ২০২৩ পর্যন্ত) ঋণ/বিনিয়োগ বিতরণের জন্য বাংলাদেশ ব্যাংক কর্তৃক অত্র ব্যাংকের জন্য মোট ২০০(দুইশত)কোটি টাকা লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। উল্লেখিত লক্ষ্যমাত্রা বিভাগওয়ারী নিম্নোক্তভাবে বন্টন করা হলোঃ

(কোটি টাকায়)

ক্রঃ নং	বিভাগের নাম	সিএমএসএমই (CMSME) খাতের জন্য বিশেষ ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা (০১ জুলাই, ২০২২ হতে ৩০ জুন, ২০২৩ পর্যন্ত)
১.	ঢাকা	৮০.০০
২.	ময়মনসিংহ	২০.০০
৩.	চট্টগ্রাম	২৫.০০
৪.	খুলনা	১৫.০০
৫.	বরিশাল	১০.০০
৬.	সিলেট	১৫.০০
৭.	কুমিল্লা	৩৫.০০
৮.	ফরিদপুর	১৫.০০
৯.	কুষ্টিয়া	২৪.০০
১০.	এলপিও	১.০০
	মোট	২০০.০০

০৩। বিভাগীয় মহাব্যবস্থাপকবৃন্দ মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়/কর্পোরেট শাখার সিএমএসএমই ঋণস্থিতি, বিগত বছর অঞ্চলসমূহের এ খাতের পারফরমেন্স, বাস্তব অবস্থা ও সম্ভাব্যতার নিরিখে লক্ষ্যমাত্রা বন্টন করবেন। একইভাবে বিভাগ হতে প্রাপ্ত লক্ষ্যমাত্রা অঞ্চল প্রধানগণ শাখাসমূহের মধ্যে বন্টন করবেন। বিভাগ, অঞ্চল ও শাখা ভিত্তিক বন্টনকৃত লক্ষ্যমাত্রার একটি অনুলিপি বিভাগীয় কার্যালয়সমূহ কর্তৃক আগামী ০৪/০৮/২০২২ তারিখের মধ্যে অত্র বিভাগের ইমেইল এ প্রেরণ করতে হবে। লক্ষ্যমাত্রা বন্টনকালে নিম্নোক্ত বিষয়গুলো অনুসরন করতে হবেঃ

- ক) ৩০ জুন, ২০২২ তারিখ ভিত্তিক সিএমএসএমই ঋণস্থিতি, বিগত বছর অঞ্চলসমূহের এ খাতের পারফরমেন্স, বাস্তব অবস্থা ও সম্ভাব্যতার নিরিখে লক্ষ্যমাত্রা বন্টন করবেন। একইভাবে বিভাগ হতে প্রাপ্ত লক্ষ্যমাত্রা অঞ্চল প্রধানগণ শাখাসমূহের মধ্যে বন্টন করবেন;
- খ) বরাদ্দ/নির্ধারিত সীমার অতিরিক্ত ঋণ এ খাতে বিতরণ করা যাবে না। সীমাত্তিরিক্ত ঋণ/বিনিয়োগের উপর সরকার হতে ভর্তুকী পাওয়া যাবে না;
- গ) কুটির, মাইক্রো ও ক্ষুদ্র শিল্প খাতে প্রদত্ত নৃন্যতম ৭০(সত্ত্ব) শতাংশ ঋণ/বিনিয়োগের উপর্যাত ভিত্তিক বিভাজনের ক্ষেত্রে ঋণ/বিনিয়োগের আনুপাতিক হার হবে উৎপাদন, সেবা উপর্যাতে সম্মিলিতভাবে নৃন্যতম ৬৫ শতাংশ এবং ব্যবসা (ট্রেডিং) উপর্যাতে সর্বোচ্চ ৩৫ শতাংশ অর্থায়ন করা যাবে ;

On  
✓

চলমান পাতা-০২

বিষয় : নভেল করোনা ভাইরাস (COVID-19) এর প্রাদুর্ভাবের কারণে ক্ষতিহস্ত সিএমএসএমই (CMSME) খাতের জন্য ঘোষিত বিশ হাজার কোটি টাকার আবর্তনশীল প্রগোদন প্যাকেজের তৃতীয় পর্যায়ের (জুলাই, ২০২২ হতে জুন, ২০২৩ পর্যন্ত) লক্ষ্যমাত্রা নির্ধারন প্রসঙ্গে।

- ঘ) এই প্যাকেজের আওতায় মাঝারি শিল্প খাতে প্রদত্ত সর্বোচ্চ ৩০(ত্রিশ) শতাংশ ঋণ/বিনিয়োগ উৎপাদন ও সেবা উপর্যাত হতে সম্মিলিতভাবে অর্জন করতে হবে;
- ঙ) বাংসরিক মোট ঋণ/বিনিয়োগের মূলতম ৮ শতাংশ নারী উদ্যোক্তাগনকে প্রদান করতে হবে;
- চ) আলোচ্য প্যাকেজের আওতায় কুটির, মাইক্রো ও ক্ষুদ্র খাতের উদ্যোক্তাদেরকে চলতি মূলধন এবং মেয়াদী উভয় ধরনের ‘ঋণ/বিনিয়োগ’ সুবিধা প্রদান করা যাবে। মাঝারি খাতের উদ্যোক্তা শুধুমাত্র চলতি মূলধন ঋণ/বিনিয়োগ সুবিধা প্রাপ্য হবেন;
- ছ) এ প্যাকেজের মেয়াদ হবে ৩০ জুন, ২০২৩ পর্যন্ত;
- জ) কোনো উদ্যোক্তা প্রতিষ্ঠান সর্বোচ্চ ১(এক) বছর এ প্যাকেজের আওতায় সরকার হতে ভর্তুকী প্রাপ্য হবেন।

০৪। এই ঋণ/বিনিয়োগ সংক্রান্ত যাবতীয় তথ্য ‘করোনা ভাইরাস মোকাবেলায় বিশেষ ঋণ/বিনিয়োগ সুবিধা- এসএমই প্যাকেজ’ নামে আলাদাভাবে সংরক্ষিত হবে। উল্লেখিত প্যাকেজের আওতায় বর্তমানে চলমান সুদের হার ৯% এর বিপরীতে সরকার ৫% সুদ ভর্তুকী হিসাবে প্রদান করবে। সুদ ভর্তুকী পাওয়ার লক্ষ্যে পূর্ববর্তী মাসের ঋণ/বিনিয়োগ অনুমোদন ও বিতরণ সংক্রান্ত তথ্যাদি (এসএমইএসপিডি সার্কুলার নং-০৯/২০২১ এবং পরবর্তীতে জারীকৃত সংশোধনী মোতাবেক) ক্রেডিট বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে। বিভাগীয় কার্যালয়সমূহ একীভূত বিভাগীয় ও প্রত্যয়নপত্র উভ সময়সীমার মধ্যে সফট কপি ই-মেইল ([dgmsme@krishibank.org.bd](mailto:dgmsme@krishibank.org.bd)) ও হার্ডকপি প্রেরণ নিশ্চিত করতে হবে। শাখা ও অঞ্চল হতে আলাদা কোন বিভাগীয় প্রধান কার্যালয়ে প্রেরণ করা যাবে না। স্থানীয় মুখ্য কার্যালয় সরাসরি ক্রেডিট বিভাগে বিভাগীয় প্রেরণ করবে।


০৫। এসএমইএসপিডি সার্কুলার নং-০২, তারিখঃ ২৬/০৪/২০২০ মোতাবেক করোনা ভাইরাস এর প্রাদুর্ভাবের কারণে ক্ষতিহস্ত সিএমএসএমই খাতে ঋণ সুবিধা প্রদান করা হলে বাংলাদেশ ব্যাংকের নিজস্ব তহবিল হতে বিতরণকৃত ঋণের সর্বোচ্চ ৫০% অর্থ পুনঃঅর্থায়ন সুবিধা প্রদান করা হবে। উভ সুবিধা প্রাপ্তির লক্ষ্যে পুনঃঅর্থায়ন সংক্রান্ত তথ্যাদি (এসএমইএসপিডি সার্কুলার নং-০২, তারিখঃ ২৬/০৪/২০২০ এবং পরবর্তীতে জারীকৃত সংশোধনী মোতাবেক) মাসিক ভিত্তিতে নির্ধারিত সময়সীমার মধ্যে ক্রেডিট বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে।

০৬। এসএমইএসপিডি সার্কুলার নং-০২/২০২০ ও ০৯/২০২১ যথাযথভাবে পরিপালন ও ঋণ/বিনিয়োগ বিতরণ কার্যক্রম তদারকির লক্ষ্যে অত্র ব্যাংকের প্রতিটি বিভাগীয় কার্যালয়ে কর্মকর্তাদের সমন্বয়ে ০৩ সদস্যবিশিষ্ট একটি মনিটরিং টিম গঠনপূর্বক তাদের নাম, মোবাইল নম্বর ও ই-মেইল ঠিকানা আগামী ০৪/০৮/২০২২ তারিখের মধ্যে অত্র বিভাগকে অবহিত করতে হবে। অনুরূপভাবে আঞ্চলিক পর্যায়ে মনিটরিং টিম গঠনপূর্বক বিভাগীয় কার্যালয়কে অবহিত করতে হবে।

০৭। এমতাবস্থায়, এসএমইএসপিডি সার্কুলার নং-০২/২০২০ ও ০৯/২০২১ এবং পরবর্তীতে বাংলাদেশ ব্যাংক ও অত্র ব্যাংক কর্তৃক জারীকৃত এ সংক্রান্ত নির্দেশাবলী যথাযথভাবে অনুসরনপূর্বক করোনা ভাইরাস (COVID-19) এর প্রাদুর্ভাবের কারণে সিএমএসএমই (CMSME) খাতের জন্য বিশেষ ঋণ বিতরণ লক্ষ্যমাত্রার শতভাগ অর্জনের পরামর্শ দেয়া হলো। পাশাপাশি সুদ ভর্তুকী ও পুনঃঅর্থায়ন সুবিধা পাওয়ার লক্ষ্যে চাহিত তথ্যাদি/বিভাগীয় নির্ভুলভাবে যথাসময়ে প্রেরণ নিশ্চিত করার জন্যও অনুরোধ করা হলো। বিভাগীয় মহাব্যবস্থাপকবৃন্দ এবং অঞ্চল প্রধানগণ উভ বিশেষ ঋণ বিতরণ কার্যক্রম নিয়মিত মনিটরিংসহ প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান করবেন।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বাস


  
(মোহাম্মদ মস্তফাঁর ইসলাম)

উপমহাব্যবস্থাপক

তারিখঃ ২৭/০৭/২০২২

নং-বিকেবি-প্রকা/ক্রেডিট(শাখা-৪)-এসএমই-৭(৮)/২০২২-২০২৩/ ১৮৬(১৮৮)  
সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
- ০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত পরিপন্থী ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৯। নথি/মহানথি।

  
(মোঃ এনামুল হোসেন)  
সহকারী মহাব্যবস্থাপক